

১৯। সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন এলাকা বা যে কোন মামলা বা যে কোন শ্রেণীর মামলা বা যে কোন সম্প্রদায়কে এই আইনের সকল বা যে কোন বিধানের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

অব্যাহতি প্রদানের ক্ষমতা

২০। সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

২১। (১) The Conciliation of Disputes (Municipal Areas) Ordinance, 1979 (Ord. No. V of 1979) এতদ্বারা রহিত করা হইল।

রহিতকরণ ও হেফাজত

(২) উক্তরূপ রহিত সত্ত্বেও, এই আইন বলবৎ হওয়ার অব্যবহিত পূর্বে উক্ত Ordinance এর অধীন কোন Conciliation Board এ বিচারাধীন মামলাসমূহ উক্ত Board এ বিচার ও, ক্ষেত্রমত, উক্ত মামলার সিদ্ধান্ত বাস্তবায়নসহ উহাদের নিষ্পত্তি এইরূপে সম্পন্ন হইবে, যেন এই আইন বলবৎ হয় নাই।

তফসিল

[ধারা ২(ঙ) দ্রষ্টব্য]

প্রথম অংশ

ফৌজদারী মামলাসমূহ

- ১। দণ্ডবিধির ধারা ১৪৩ ও ১৪৭, তৎসহ উহার ধারা ১৪১ এর তৃতীয় ও চতুর্থ পঠিতব্য, যখন বে-আইনী সম্পর্কের অভিন্ন উদ্দেশ্য হয় উহার ধারা ৩২৩, ৪২৬ বা ৪৪৭ এর অধীন কোন অপরাধ সংঘটন করা এবং যখন উক্ত বে-আইনী সমাবেশে দশ জনের অধিক লোক জড়িত না থাকে।
- ২। দণ্ডবিধির ধারা ১৬০, ৩২৩, ৩৩৪, ৩৪১, ৩৪২, ৩৫২, ৩৫৮, ৪২৬, ৪৪৭, ৫০৪, ৫০৬ (প্রথমাংশ), ৫০৮, ৫০৯ এবং ৫১০।
- ৩। দণ্ডবিধির ধারা ৩৭৯, ৩৮০ ও ৩৮১, যখন সংঘটিত অপরাধটি গবাদিপশু সংক্রান্ত হয়।
- ৪। দণ্ডবিধির ধারা ৩৭৯, ৩৮০ ও ৩৮১, যখন সংঘটিত অপরাধটি গবাদিপশু ছাড়া অন্য কোন সম্পত্তি হয় এবং উক্ত সম্পত্তির মূল্য মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ৫। দণ্ডবিধির ধারা ৪০৩, ৪০৬, ৪১৭ ও ৪২০, যখন অপরাধ সংশ্লিষ্ট অর্থের পরিমাণ মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ৬। দণ্ডবিধির ধারা ৪২৭, যখন সংশ্লিষ্ট সম্পত্তির মূল্য মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।

- ৭। দণ্ডবিধির ধারা ৪২৮ ও ৪২৯, যখন পশুর মূল্য মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ৮। Cattle Trespass Act, 1871 (1 of 1871) এর ধারা ২৪, ২৬ ও ২৭।
- ৯। উপরি-উক্ত যে কোন অপরাধ সংঘটনের চেষ্টা বা উহা সংঘটনের সহায়তা প্রদান।

দ্বিতীয় অংশ
দেওয়ানী মামলাসমূহ

- ১। কোন চুক্তি, রশিদ বা অন্যকোন দলিলমূলে প্রাপ্য টাকা আদায়ের জন্য মামলা, যখন দাবীকৃত অর্থ মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ২। কোন অস্থাবর সম্পত্তির পুনরুদ্ধার বা উহার মূল্য আদায়ের জন্য মামলা, যখন সম্পত্তিটির মূল্য বা দাবীকৃত মূল্য মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ৩। কোন স্থাবর সম্পত্তির দখল পুনরুদ্ধারের জন্য মামলা, যখন সম্পত্তিটির মূল্য মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ৪। কোন অস্থাবর সম্পত্তির জবর দখল বা ক্ষতি করার জন্য ক্ষতিপূরণ আদায়ের জন্য মামলা, যখন সম্পত্তিটির মূল্য বা দাবীকৃত ক্ষতিপূরণের পরিমাণ মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।
- ৫। গবাদিপশুর অনধিকার প্রবেশের কারণে ক্ষতিপূরণের মামলা, যখন দাবীকৃত ক্ষতিপূরণের পরিমাণ মোট পঁচিশ হাজার টাকার উর্ধ্বে না হয়।

—————